## শেরে বাংলা ফজলুল হক হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. হাবিবুর রহমান
সহযোগী অধ্যাপক, ফোকলোর বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩১২ জন |
| অনাবাসিক | : ৫৯৩জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা ও সাহিত্য-সাংস্কৃতিক কার্যক্রম**

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন খেলাধুলায় এই হল অংশগ্রহণ করেছে। শেরে বাংলা ফজলুল হক হলের মেধাবী ছাত্ররা বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ডিবেটিং এবং সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে ।

**ছাত্র কল্যাণ**

মেধাবী ও অসচ্ছল ছাত্রদের কল্যাণে এবং অসুস্থ ছাত্রদের তাৎক্ষণিক চিকিৎসা সেবায় হল থেকে প্রয়োজনীয় সহযোগিতা করা হয়ে থাকে।

**পাঠাগার ও লাইব্রেরি, সাধারণ কক্ষ**

এখানে বিভিন্ন ধরনের বইপত্র সংগ্রহ করাসহ শিক্ষার্থীদের নিয়মিত পাঠের ব্যবস্থা আছে। হলের সাধারণ কক্ষে ক্যারাম, দাবা, টেবিল টেনিস, তাস ইত্যাদি খেলার ব্যবস্থা রয়েছে। সেখানে ২টি রঙিন টিভি আছে।

**সামাজিক কার্যক্রম**

২০২৩-২০২৪ শিক্ষা বছরে এই হলে বিভিন্ন সামাজিক কার্যক্রম ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পালন করা হয়েছে। এছাড়া শেরে বাংলা এ.কে ফজলুল হকের জন্মদিবস ও মৃত্যুবার্ষিকী পালন করা হয়। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী শিক্ষক, ছাত্র, কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে পালন করা হয়।

**হল ডাইনিং ও ক্যান্টিন**

ডাইনিং থেকে দুপুর ও রাতের খাবার পরিবেশন করা হয়। বর্তমানে ক্যান্টিন চালু রয়েছে।

**হল উন্নয়ন**

২০২৩-২০২৪ অর্থ বছরে বিশ্ববিদ্যালয় থেকে বরাদ্দকৃত অর্থ দ্বারা হলের উন্নয়নমুলক কাজের বিবরণ: হল মসজিদে বৈদ্যুতিক মেরামতি ও ১০টি সিলিং ফ্যান সরবরাহ। একটি সেমি ডিপ নলকূপ স্থাপন ইত্যাদি।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ২ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |

সাধারণ কর্মচারী : ১৫ জন

## শাহ্ মখ্দুম হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. রুহুল আমিন
প্রফেসর, এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন বিভাগ

**আবাসিক শিক্ষক:** ২ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৬৫ জন |
| অনাবাসিক | : ১১৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা**
হলের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় আয়োজিত আন্তঃকলেজ ক্রীড়া এবং আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতাসহ অন্যান্য খেলাধুলায় যথারীতি অংশগ্রহণ করে।

**সাহিত্য-সাংস্কৃতিক কার্যক্রম**
হলের শিক্ষার্থীরা বিতর্ক ও অন্যান্য সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে।

**ছাত্রকল্যাণ ও সামাজিক কার্যক্রম**
হলের অসচ্ছল, মেধাবী ও অসুস্থ শিক্ষার্থীদের কল্যাণে আবাসিকতা প্রদান ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। আলোচ্য শিক্ষাবছরে এই হলে বিভিন্ন জাতীয় দিবস, স্বেচ্ছায় রক্তদান ইত্যাদি ও সরকার ঘোষিত বিভিন্ন দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে

**পাঠাগার ও সাধারণ কক্ষ**
২০২২-২০২৩ শিক্ষাবছরে হল পাঠাগারের জন্য বিভিন্ন ধরনের বই ক্রয় করা হয়েছে। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পাঠাগার ব্যবহার করা যায়। পাঠাগারে ১০টি দৈনিক পত্রিকা ছাড়াও সাপ্তাহিক ও মাসিক পত্রিকা রাখা হয়। সাধারণ কক্ষে ক্যারাম, দাবা, টেনিস, তাস ইত্যাদি খেলা অনুশীলন করে থাকে। হল মিলনায়তনে ১টি রঙিন টেলিভিশন আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন**
আবাসিক শিক্ষকদের তত্ত্বাবধানে ক্যান্টিনে নাস্তা এবং ডাইনিং হলে দুপুর ও রাতে খাবার ব্যবস্থা রয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৬ জন |
| সহায়ক কর্মচারী | : ২ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১০ জন (১জন অ্যাডহক, ১জন দৈনিক মজুরিভিত্তিক) |

## নবাব আব্দুল লতিফ হল

**প্রাধ্যক্ষ**
ড. এ এইচ এম মাহবুবুর রহমান
প্রফেসর, উদ্ভিদবিজ্ঞান বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩১৯ জন |
| অনাবাসিক | : ৯৩৭ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** হলের প্রধান ফটকের সামনে ব্যাডমিন্টন ও ভলিবল খেলার ব্যবস্থা আছে। এ বছর আন্তঃকলেজ এ্যাথলেটিকস প্রতিযোগীতায় এই হল অংশগ্রহণ করে।

**ছাত্রকল্যাণ:** মেধাবী ও অসচ্ছল ছাত্রদের সুবিধার্থে ও অসুস্থ ছাত্রদের চিকিৎসায় আর্থিক সহায়তাসহ অন্যান্য সহযোগিতা প্রদান করা হয়েছে।

**পাঠাগার ও লাইব্রেরি:** হলে **১**টি পাঠাগার ও **১**টি মিনি লাইব্রেরি আছে। এই বছরে লাইব্রেরিতে বিভিন্ন ধরনের বই সংগ্রহ করা হয়েছে। পাঠাগারে দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক পত্রিকা নিয়মিতভাবে রাখা হয় ও ছাত্রদের পড়ার ব্যবস্থা রয়েছে।

**ইন্টারনেট:** হলে আরও উন্নত ইন্টারনেট সেবা দেওয়ার জন্য ব্রডব্যান্ড লাইনের মাধ্যমে প্রতিটি কক্ষে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে।

**সামাজিক কার্যক্রম:** ব্লাড গ্রুপিং, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, বৃক্ষরোপণসহ নানাবিধ সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**জাতীয় দিবস ও ধর্মীয় অনুষ্ঠানসমূহ:** হলে বিভিন্ন জাতীয় দিবসসহ বিশ্ববিদ্যালয় আয়োজিত অন্যান্য দিবসসমূহ পালন করা হয়েছে। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে আলোচনা ও মিলাদ মাহফিল এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া জন্মাষ্টমী এবং শ্রীপঞ্চমী তিথি উপলক্ষ্যে অনুদান দেওয়া হয়।

**সাধারণ কক্ষ: এখানে** শিক্ষার্থীরা টেবিল টেনিস, ক্যারাম, দাবা, কার্ড ইত্যাদি খেলে থাকে। সাধারণ কক্ষে **১**টি ও অডিটোরিয়ামে **১**টি করে টেলিভিশন চালু আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হল ডাইনিংয়ে দুপুর ও রাতের খাবার পরিবেশন করা হয়। হলের ক্যান্টিনে নাস্তার ব্যবস্থা আছে।

**হল উন্নয়ন:** এ বছরে সি.সি. ক্যামেরার নতুন সেট, হল মসজিদের জন্য কার্পেট, আই.পি.এস-এর নতুন ব্যাটারি ইত্যাদি ক্রয় করা হয়েছে। হলের অভ্যন্তরে ভেন্ডিং ও ওয়াশিং মেশিন বসানো হয়েছে। প্রত্যেকটি ব্লকে আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন দেওয়া হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৪ জন |
| সহায়ক কর্মচারী | : ২ জন |
| সাধারণ কর্মচারী | : ১৫ জন (১জন অ্যাড্হক ও ১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## সৈয়দ আমীর আলী হল

**প্রাধ্যক্ষ**
ড. এ কে এম মাহমুদুল হক
প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা:**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ৪১০ জন |
| অনাবাসিক | : | ৮০৫ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**ছাত্র কল্যাণ:** হলের অস্বচ্ছল, মেধাবী ও অসুস্থ ছাত্রদের প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**পাঠাগার:** হলের পাঠাগার সকাল ৯টা থেকে রাত্র ১২টা পর্যন্ত চালু থাকে ও পাঠাগার থেকে শিক্ষার্থীদের মধ্যে বই ইস্যু করা হয়। পাঠাগারে পড়ারও ব্যবস্থা আছে। এই পাঠকক্ষ ২৪ ঘন্টা চালু থাকে।

**জাতীয় ও ধর্মীয় দিবসসমূহ:** বিভিন্ন জাতীয় দিবস ও ধর্মীয় অনুষ্ঠানাদি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

**সাধারণ কক্ষ:** এখানে প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত ক্যারাম, দাবা, তাস, টেবিল টেনিস ইত্যাদি খেলা ও টেলিভিশন দেখার ব্যবস্থা আছে।

**হল ডাইনিং-এ মেস সিস্টেম ইসাবেল ক্যাটারিং চালু:** আবাসিক শিক্ষার্থীদের তত্ত্বাবধানে হল ডাইনিংয়ে মেস সিস্টেম ইসাবেল ক্যাটারিং চালু আছে।

**ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ:** ২০২৩-২০২৪ আন্তঃকলেজ সাঁতার প্রতিযোগিতায় এই হল রানার আপ হয়েছে।

**বিতর্ক প্রতিযোগিতা:** আন্তঃহল বিতর্ক প্রতিযোগিতা, ২০২৩-এ এই হল চ্যাম্পিয়ন হয়। ২০২৩-২০২৪ আন্তঃহল বিতর্ক প্রতিযোগিতা ২০২৪-এ এই হল চ্যাম্পিয়ন হয়। জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা ২০২৪-এ এই হল ৩য় রাউন্ডে উন্নীত হয়।

**ইনোভেশন শোকেসিং:** রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং ২০২৩-২০২৪-এ এই হলের স্মার্ট ইসাবেল ক্যাটারিং ব্যবস্থাপনা প্রস্তাবনাটি প্রথম স্থান অর্জন করে।

**ইন্টারনেট সুবিধা:** হলে রেডিও ডিভাইসযুক্ত ওয়াইফাইয়ের ব্যবস্থা আছে।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ৪ জন |
| সহায়ক কর্মচারী | : | ৩ জন (১ জন অ্যাডহক ও ১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

সাধারণ কর্মচারী : ১৮ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক)

## শহীদ শামসুজ্জোহা হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. একরামুল ইসলাম
প্রফেসর, ফার্মেসী বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩৫০ জন |
| অনাবাসিক | : ৮৭৫ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**দিবস উদ্‌যাপন ও ধর্মীয় অনুষ্ঠান:** অন্যান্য বছরের মত এই বছরও শহীদ ড. শামসুজ্জোহার মৃত্যুবার্ষিকীতে ১৮ ফেব্রুয়ারি হলে দোয়া মাহফিল ও স্মারক ভাস্কর্যে প্রদীপ প্রজ্জ্বালন করা হয়। এছাড়া বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। ধর্মীয় দিবসসমূহ যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে পালন করা হয়েছে।

**ছাত্র কল্যাণ:** হলের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়।

**পাঠাগার ও সাধারণ কক্ষ:** হলের শহীদ শামসুজ্জোহা স্মৃতি পাঠাগারে লেখাপড়ার ব্যবস্থা আছে। পত্রিকা কক্ষে প্রায় সকল জাতীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকাসমূহ রাখা হয়। হলের পাঠকক্ষে একসাথে ৬০ জন পড়াশুনা করতে পারে। সাধারণ কক্ষে শিক্ষার্থীরা অন্তঃকক্ষ ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা করে থাকে। হলে শিক্ষার্থীদের জন্য দুটি টেলিভিশন ও বড় পর্দায় দেখার জন্য প্রজেক্টর মেশিনের ব্যবস্থা আছে।

**খেলাধুলা:** শহীদ শামসুজ্জোহা হলের ছাত্ররা বরাবরই খেলাধুলায় কৃতিত্বের দাবি রাখে। আন্তঃকলেজসহ অন্যান্য খেলাধুলায় হলের খেলোয়াড়রা অংশগ্রহণ করে পুরস্কার অর্জন করে থাকে। হলে মিনি ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয় এবং বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়।

**পাঠাগার:** শহীদ শামসুজ্জোহা স্মৃতি পাঠাগারে ছাত্রদের লেখাপড়ার জন্য সুন্দর পরিবেশ প্রস্তুত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অর্থায়নে ক্রয়কৃত গ্রন্থ ছাড়াও হলের নিজস্ব অর্থায়নে নতুন প্রকাশিত গ্রন্থসমূহ পড়ার জন্য সরবরাহ করা হয়। এছাড়া পত্রিকা কক্ষে প্রায় সকল জাতীয়, দৈনিক, সাপ্তাহিক পত্রিকা নিয়মিত রাখা হয়।

**পাঠ কক্ষ (রিডিং রুম):** বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অর্থায়নে একটি বৃহৎ পাঠকক্ষ নতুনভাবে স্থাপন করা হয়েছে। এই পাঠকক্ষে একসাথে ৬০ জন শিক্ষার্থী পড়াশুনা করতে পারে।

**হল সাধারণ কক্ষ:** শহীদ শামসুজ্জোহা হলে ছাত্রদের খেলাধুলার জন্য একটি সুবৃহৎ আধুনিক সাধারন কক্ষ রয়েছে, যেখানে হলের ছাত্ররা নিয়মিত অন্তঃকক্ষ ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা করে থাকে।

**মসজিদ:** হলের মসজিদে পাঁচ ওয়াক্ত ও জুমআর নামাজ এবং ধর্মীয় অনুষ্ঠান হয়ে থাকে।

**ওয়াইফাই স্থাপন:** হলে ইন্টারনেট সুবিধার জন্য ওয়াইফাই স্থাপন করা হয়েছে।

**টেলিভিশন কক্ষ:** হলের নিজস্ব অর্থায়নে একটি ৪০ ইঞ্চি এল সি ডি টেলিভিশন ক্রয় করা হয়েছে। এছাড়াও পূর্বের ৩০ ইঞ্চি টেলিভিশনটি সাধানণকক্ষে দেয়া হয়েছে। দুইটি টেলিভিশনে ক্যাবল সংযোগ থাকায় দেশ ও বিদেশের বিভিন্ন অনুষ্ঠান ছাত্ররা উপভোগ করে থাকে।

**অতিথি কক্ষ:** হলের অতিথি কক্ষে অভিভাবক ও দর্শনার্থীরা এসে ছাত্রদের সাথে দেখা করতে পারে। সম্প্রতি অতিথি কক্ষটি নতুনভাবে টাইলস্ লাগানো ও রং করন করা হয়েছে।

**উন্নয়নমূলক কর্মকাণ্ড:** ২০২৩-২৪ অর্থবছরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের অর্থায়নে (ক) পদ্মা (১ম) ব্লকের ৩য় তলার ১৫ টা রুমের ছাদ মেরামত, (খ) রিডিং রুম বর্ধিত করে ইন্টারনেট কক্ষ সংস্কার, (গ) মসজিদের মেঝেতে টাইলস্ লাগানো, (ঘ) সুপেয় খাবার পানির জন্য সাবমার্সিবল পাম্প বসানো, (ঙ) হলের বাগানে গার্ডেন লাইট পরিবর্তন ও বিদ্যুৎ লাইন মেরামত করা হয়েছে, (চ) মসজিদের ফ্যানগুলো রং করা, মেরামত ও নিচু করে লাগানো হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৭ জন |
| সহায়ক কর্মচারী | : ৫ (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৫ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শহীদ হবিবুর রহমান হল

**প্রাধ্যক্ষ**

মো. শরিফুল ইসলাম
প্রফেসর, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ

**আবাসিক শিক্ষক:** ২ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৭২৮ জন |
| অনাবাসিক | : ১,২৭২ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** হলের কমনরুমে অন্তঃকক্ষে টেবিল টেনিস, ক্যারাম, দাবা ও তাস খেলার ব্যবস্থা রয়েছে এবং ব্যাডমিন্টন, ভলিবল ও ফুটবল খেলার ব্যবস্থা করা হয়েছে। এই হলের এ্যাথলেটগণ ২০২৩-২০২৪ সালে আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ ও সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

**রিডিং রুম ও লাইব্রেরি:** হলের রিডিং রুম ও পাঠাগারে বর্তমানে ২,৭৮০টি পুস্তক আছে। আলোচ্য বছরে হল তহবিল থেকে প্রয়োজনীয় বই সংগ্রহ করা হয়।

**সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম:** হলের উদ্যোগে সরকার ও বিশ্ববিদ্যালয় ঘোষিত জাতীয় গুরুত্বপূর্ণ ও ধর্মীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এই হলে প্রাধ্যক্ষ পরিষদ আয়োজিত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের সম্মিলিত হল সমাপনীতে অংশগ্রহণ করে ও বিদায়ী ছাত্রদের স্মারক ক্রেস্ট প্রদান ও উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

**সাধারণ কক্ষ:** হল কমনরুমে নিয়মিতভাবে শিক্ষার্থীদের অন্তঃকক্ষ খেলাধুলার ব্যবস্থা ও শরীরচর্চার জন্য একটি ব্যায়ামাগার রয়েছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হলের ডাইনিং ও ক্যান্টিন খাবার ও নাস্তার ব্যবস্থা আছে।

**হল উন্নয়ন:** ২০২৩-২০২৪ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের অর্থে মনোহারী দ্রব্যাদি ও তৈজসপত্র ক্রয়, বাগানের সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রজাতির গোলাপ চারা ও অন্যান্য চারা সংগ্রহ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৫ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১২ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## মতিহার হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. নজরুল ইসলাম
প্রফেসর, রসায়ন বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৯২ জন |
| অনাবাসিক | : ৮৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
এই হলের ১ম, ২য় ও ৩য় ব্লকে মোট ৫৯২ জন ছাত্র বর্তমানে বসবাস করছে। নতুন ভবনের ১টি ডাইনিং চালু আছে এবং মসজিদ, পেপার রুম, রিডিং রুম, টিভি রুম, কমনরুম রুম, ক্যান্টিন রুম, পাঠাগার, পূজা ঘর, ইন্টারনেট রুম চালু রয়েছে। হলের সৌন্দর্য বৃদ্ধির জন্য বাগান সংস্কার ও ফুল ফলের বৃক্ষ রোপন করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন |
| সাধারণ কর্মচারী | : ১১ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## মাদার বখ্‌শ হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. শামীম হোসেন
সহযোগী অধ্যাপক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

**আবাসিক শিক্ষক:** ১ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৮০ জন |
| অনাবাসিক | : ১,৪০০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** প্রতি বছর হলের সামনে ব্যাডমিন্টন ও ভলিবল খেলার জন্য মাঠ তৈরি ও রাতে খেলার সুবিধার্থে আলোর ব্যবস্থা করা হয়। আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় ছাত্ররা অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে পদক অর্জন করে থাকে।

**ছাত্র কল্যাণ:** হলের অসচ্ছল, মেধাবী ও অসুস্থ ছাত্রদের কল্যাণে হল থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে।

**গ্রন্থাগার ও পাঠাগার:** হলের পাঠাগার, রিডিং রুম ও পত্রিকা কক্ষ ছুটির দিন ছাড়া বিকেল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা থাকে। পত্রিকা কক্ষে প্রায় সকল স্থানীয় ও জাতীয় পত্রিকা নিয়মিত রাখা হয়।

**সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম:** হলের পক্ষ থেকে সকল জাতীয় গুরুত্বপূর্ণ ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবস পালন করা হয়। এছাড়া ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসসহ মরহুম মাদার বখ্‌শ-এর মৃত্যুবার্ষিকীও যথারীতি পালন করা হয়।

**সাধারণ কক্ষ ও ব্যায়ামাগার:** এখানে ক্যারাম, তাস, টেবিল টেনিস, দাবা খেলার ব্যবস্থাসহ টেলিভিশন দেখার ব্যবস্থা আছে। ছাত্রদের সুস্বাস্থ্য ও শারিরীক গঠন পরিচর্যার জন্য হলের পশ্চিম ব্লকে একটি ব্যায়ামাগার রয়েছে। ছাত্রদের বিভিন্ন গঠনমূলক ব্যায়ামের জন্য ব্যায়ামাগার সবসময় খোলা থাকে ।

**অতিথি কক্ষ:** অভিভাবক ও দর্শনার্থীদের সাথে ছাত্রদের দেখা করার জন্য একটি অতিথি কক্ষ রয়েছে।

**টেলিভিশন কক্ষ:** চিত্তবিনোদনের জন্য টেলিভিশন কক্ষে একটি ৪০" এল.ই.ডি. টেলিভিশন রয়েছে। কক্ষটিতে একসাথে ৪০০ জন ছাত্র বসে টেলিভিশন দেখতে পারে।

**ইন্টারনেট সংযোগ:** হলের ইন্টারনেট কক্ষে একসাথে ২০ জন ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহার করতে পারে। হলের তিনটি ব্লকে ওয়াই-ফাই সংযোগও দেওয়া হয়েছে।

**ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিংয়ে নির্ধারিত মূল্যে দুপুর ও রাতে খাবারের ব্যবস্থা রয়েছে। ক্যান্টিনে সকাল-বিকালে নাস্তার ব্যবস্থা রয়েছে। হলের ডাইনিং ও ক্যান্টিনের খাবারের মান ও পরিষ্কার-পরিচ্ছন্নতা ঠিক রাখতে প্রাধ্যক্ষ মহোদয়ের নেতৃত্বে পরিদর্শন কমিটি নিয়মিত পর্যবেক্ষণ করে থাকেন।

**হল উন্নয়ন:** ২০২৩-২০২৪ অর্থবছরে গ-ব্লকের আংশিক ওয়েস্ট ওয়াটার ও রেইন ওয়াটারের পাইপ পরিবর্তন করা হয়েছে। হল মসজিদ যাবতীয় সংস্কারসহ প্লাস্টিক পেইন্ট এর কাজ চলমান। এছাড়াও নতুন ২০টি সিলিং ফ্যান, ৪টি এগজস্ট ফ্যান লাগানোসহ তার, বোর্ড, সুইচ পরিবর্তনের কাজ চলমান আছে।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ২ জন |
| সহায়ক কর্মচারী | : | ৩ জন |
| সাধারণ কর্মচারী | : | ১০ জন (২জন অ্যাডহক) |

## হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. জাহাঙ্গীর হোসেন
প্রফেসর, ফোকলোর বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন
**সহকারী আবাসিক শিক্ষক:** ২ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৯২ জন |
| অনাবাসিক | : ৮০৯ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
আলোচ্য বছরে হলের ইন্টারনেট ব্যবস্থা আধুনিকীকরণ করা হয়েছে। এই হল বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিজয়ী হয়ে আসছে। বিভিন্ন জাতীয় ও ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ প্রশাসনের পক্ষ থেকে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। জাতীয় দিবসসমূহে হল ডাইনিংয়ে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

হলের ডাইনিং এবং ক্যান্টিন নিয়মিত চলছে। হল মসজিদে ছাত্ররা প্রাত্যহিক ও জুম্মার নামাজ আদায় করে থাকে। এই শিক্ষাবর্ষে পাঠাগারের জন্য প্রয়োজনীয়সংখ্যক বই কেনা হয়েছে। সেখানে গুরুত্বপূর্ণ দৈনিক, সাপ্তাহিক ও সাময়িকী রাখা হয়। ছাত্রদের চিত্তবিনোদনের জন্য পৃথক ১টি টিভি রুম এবং কমনরুমে খেলাধুলার ব্যবস্থা আছে। সুপেয় পানির জন্য হলে একটি সাবমার্সিবল পাম্প বসানো ও হল চত্বরে বৃক্ষরোপণ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১ জন |
| সহায়ক কর্মচারী | : ৬ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৩ জন (১ জন অ্যাডহক) |

## শহীদ জিয়াউর রহমান হল

**প্রাধ্যক্ষ**

ড. সুজন সেন (২১.০৪.২০২৪ পর্যন্ত)
সহযোগী অধ্যাপক, চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ
ড. মো. নাসিরুদ্দিন (২২.০৪.২০২৪ থেকে)
প্রফেসর, উদ্ভিদবিজ্ঞান বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

আবাসিক : ৫৯৮ জন
অনাবাসিক : ১,৪৯০ জন

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

এই হলে বিভিন্ন জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। এই হল ৩৫তম আন্তঃকলেজ ওয়াটারপোলো প্রতিযোগিতা-২০২৩ এ চ্যাম্পিয়ন ও ৪৪তম আন্তঃকলেজ এ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৪ এ রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে। এ বছর ২০০৯ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত শহীদ জিয়াউর রহমান হলের কৃতি শিক্ষার্থীদের স্বর্ণ পদক দেওয়া হয়। সাংস্কৃতিক চর্চার জন্য হলের ২য় ও ৩য় ব্লকে মাঝের ফাঁকা জায়গায় একটি উন্মুক্ত মঞ্চ তৈরি করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৫ জন |
| সহায়ক কর্মচারী | : ৫ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১০ জন |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

**প্রাধ্যক্ষ**

শায়খুল ইসলাম মামুন জিয়াদ
প্রফেসর, ইতিহাস বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৯৪ জন |
| অনাবাসিক | : ১,৮৩১জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

এই হল প্রশাসনের উদ্যোগে বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। এছাড়া ধর্মীয় দিবসসমূহও উপযুক্ত ভাবগাম্ভীর্যের সাথে পালন করা হয়। এ বছর ৭জন ছাত্রকে হলের কল্যাণ তহবিল থেকে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৫ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন |
| সাধারণ কর্মচারী | : ১৪ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক ৩ জন বহিরাগত) |

## মন্নুজান হল

**প্রাধ্যক্ষ**
ড. রাশিদা খাতুন
প্রফেসর, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৮৬০ জন |
| অনাবাসিক | : ১,২২৫ জন (রেজিস্টার্ড অতিথি ১৫০ জন) |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** ২০২৩-২৪ শিক্ষাবর্ষে হল অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এছাড়াও আন্তঃকলেজ এ্যাথেলেটিক্স প্রতিযোগিতায় মন্নুজান হল রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।

**ছাত্রী কল্যাণ:** হলের নিজস্ব তত্ত্বাবধায়নে ফগার মেশিন দিয়ে সময়ে সময়ে মশকনিধন কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

**হল পাঠাগার:** আলোচ্য শিক্ষাবর্ষে একজনকে খণ্ডকালীন গ্রন্থাগারিক এবং একজনকে খণ্ডকালীন গ্রন্থাগার আয়া হিসাবে পাঠাগারের পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষায় এবং বই পুস্তক সঠিকভাবে সংরক্ষণের জন্য নিয়োজিত রাখা হয়েছে।

**সামাজিক ও ধর্মীয় কার্যক্রম:** এই বছরেও হল প্রশাসনের উদ্যোগে বিভিন্ন জাতীয় দিবস পালন করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবসসহ অন্যান্য কর্মসূচীতেও এই হল অংশগ্রহণ করে। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে হল ভাতায় নিয়োজিত ৬ জন মুসলমান ও দুর্গাপূজা উপলক্ষে ৫ জন হিন্দু কর্মচারীকে উৎসব ভাতা প্রদান করা হয়েছে। এই শিক্ষাবর্ষেও হলের ছাত্রীদের নামাজ ও পবিত্র কোরআন মজিদ শিক্ষা দেওয়ার জন্য একজন মোয়াল্লিমাকে নিযুক্ত রাখা হয়।

**হল ডাইনিং:** বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভাতায় হল ডাইনিংয়ে ২ জন সহকারী বাবুর্চি, ১ জন কার্ড মাস্টার, ৮ জন আয়া ও ১ জন টেবিল বয় কর্মরত ছিল।

**হল উন্নয়ন:** প্রকৌশল দপ্তরের তত্ত্বাবধানে সীমানা প্রাচীরের মেরামত, হলের বাইর-ভিতরের অংশে রং করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৭ জন (১ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ১৭ জন (১ জন অ্যাডহক, ৪ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## রোকেয়া হল

**প্রাধ্যক্ষ**
ড. জয়ন্তী রানী বসাক
প্রফেসর, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ

**আবাসিক শিক্ষক:** ২ জন
**সহকারী আবাসিক শিক্ষিকা:** ১ জন (অ্যাডহক)

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৭২০ জন |
| অনাবাসিক | : ১,২৮০জন |

অনাবাসিক ১,২৮০ জনের মধ্যে কার্ডধারী অতিথি হিসাবে হলে (গণরুম) অবস্থানরত ৩৭২ জন ।

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**পাঠাগার:** এবারও পাঠাগারের জন্য কিছু নতুন বই কেনা হয়েছে। বঙ্গবন্ধু কর্নার তৈরি, বই ক্রয় ও বই রাখার জন্য র‍্যাক তৈরি, কম্পিউটারের জন্য ২টি মনিটর ক্রয় করা ও ২টা এ.সি লাগানো হয়েছে।

**ধর্মীয় অনুষ্ঠান:** ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে হলে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া পূজা উপলক্ষ্যে কেন্দ্রীয় মন্দিরে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিং ও ক্যান্টিন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডাইনিং ও ক্যান্টিনে সিসি ক্যামেরা লাগানো হয়েছে।

**দিবস পালন:** যথাযথ আনুষ্ঠানিকতার মাধ্যমে বিভিন্ন জাতীয় দিবস, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস, রোকেয়া দিবস ইত্যাদি পালন করা হয়।

**খেলাধুলা:** ৪৪তম আন্তঃহল এ্যাথেলেটিকস প্রতিযোগিতা-২০২৩ এ রোকেয়া হল চ্যাম্পিয়ন হয়েছে। এ উপলক্ষ্যে ডিনার, ট্র্যাকসুট ও ব্লেজার প্রদান করা হয়েছে।

**হল উন্নয়ন:** প্রতি বছরের মত হল অফিসের জন্য প্রয়োজনীয় স্টেশনারি ও হল পরিষ্কার পরিচ্ছন্নতার সামগ্রী ক্রয় করা হয়। কম্পিউটারের ২টি মনিটর, আইপিএস ব্যাটারি, কম্পিউটার মেরামত ও টোনার ক্রয় করা হয়েছে। রোকেয়া হলের একজন প্রাক্তন ছাত্রী ১৯৮৩ ব্যাচ বদরুল লাইলী গিনি দাউদ হেসেন হানুফা খাতুন বৃত্তি ৫জন গরীব মেধামী ছাত্রীকে নিয়ে বৃত্তি চালু আছে। এছাড়া হল থেকে গরীব ছাত্রীদের আর্থিক সহায়তা, সংবাদপত্র ও মাসিক পত্রিকা নেওয়া, বির্তক প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যবস্থা করা হয়।

**সাংস্কৃতিক অনুষ্ঠান:** হলের ছাত্রীদের নিয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, অন্তঃকক্ষ ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন (২ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ২২ জন (৩ জন অ্যাডহক ও ৫ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## তাপসী রাবেয়া হল

**প্রাধ্যক্ষ**
ড. মোসা. ফেরদৌসী মহল (৩১.০৮.২০২৩ পর্যন্ত)
প্রফেসর, উদ্ভিদবিজ্ঞান বিভাগ
ড. জুয়েলী বিশ্বাস (০১.০৯.২০২৩ থেকে)
প্রফেসর, সংস্কৃত বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন
**সহকারী আবাসিক শিক্ষক:** ১ জন

**ছাত্রী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৬৯ জন |
| অনাবাসিক | : ৫৬৭ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**বিভিন্ন দিবস পালন ও ধর্মীয় অনুষ্ঠান:** সরকার ও বিশ্ববিদ্যালয় ঘোষিত সকল দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়। চলতি বছরে হল তহবিল থেকে জন্মাষ্টমী ও সরস্বতী পূজার জন্য আর্থিক অনুদান দেওয়া হয়।

**সাধারণ কক্ষ:** এখানে ক্যারাম, লুডু, দাবা, বাগাডুলি, ব্যাডমিন্টন ইত্যাদি খেলার ব্যবস্থাসহ জাতীয় ও দৈনিক সংবাদপত্র, সাপ্তাহিক ও মাসিক পত্রিকা পড়ার ব্যবস্থা আছে। এছাড়া স্যাটেলাইট টেলিভিশন দেখার ব্যবস্থাও আছে। হলের চারটি ব্লকের প্রতি তলায় ওয়াইফাই এ্যাকসেস পয়েন্ট আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হলের ভোজনালয়টি ক্যাটারিং পদ্ধতিতে পরিচালিত। এর এক পাশে একটি মনোহারী দোকান আছে। হলের প্রতি তলার ...০৫ নং কক্ষটি রান্নাঘর। হল ক্যান্টিনে নাস্তার ব্যবস্থা আছে।

অফিস ব্লকের দ্বিতীয় তলায় অবস্থিত পাঠাগারটি সমৃদ্ধ। এখানে দেশি-বিদেশি বই রয়েছে যা ছাত্রীদের চাহিদা অনুযায়ী ক্রয় করা হয়। এখানে ছাত্রীদের মধ্যে নিয়মিত বই ইস্যু করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১০ জন |
| সহায়ক কর্মচারী | : ২ জন |
| সাধারণ কর্মচারী | : ১৯ জন (১ জন অ্যাডহক ও ৪ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## বেগম খালেদা জিয়া হল

**প্রাধ্যক্ষ**
ড. সৈয়দা নুসরাত জাহান
সহযোগী অধ্যাপক, ফিশারীজ বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ৪৫২ |
| অনাবাসিক | : | ১,২৫০ |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**খেলাধুলা ও সাহিত্য ও সাংস্কৃতিক কার্যক্রম:** আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া ও অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

**ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিংয়ে নির্ধারিত মূল্যে দুপুরে ও রাতের খাবার সরবরাহ করা হয়। ক্যান্টিনে নাস্তার সুবিধা রয়েছে। সেখানে ছাত্রীরা তাদের প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহও পেয়ে থাকে।

**হল উন্নয়ন:** এই অর্থবছরে হলের বিভিন্ন মেরামতি ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

**বিবিধ:** হলে যথারীতি বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবস ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। হলের সকল কক্ষে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে। জরুরি বৈদ্যুতিক সুবিধা হিসেবে IPS স্থাপন করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৫ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৯ জন (৪ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## রহমতুন্নেসা হল

**প্রাধ্যক্ষ**

ড. হাসনা হেনা
প্রফেসর, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ৬৭৬ |
| অনাবাসিক | : | ৫৫০ |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা :** বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ২০২৩ ও ২০২৪ সালে ৬টি ছাত্রী হলের আন্তঃকলেজ খেলা, রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় এতে ৮টি ব্যক্তিগত ও দুইটি দলীয় খেলা অনুষ্ঠিত হয়। এতে রহমতুন্নেসা হলের ১০ জন ছাত্রী অংশগ্রহণ করে। বর্শা নিক্ষেপে এই হলের লিছা ৩য় স্থান অধিকার করে একটি পদক লাভ করে। দলীয়ভাবে ৪০০ মিটার রিলে দৌড়ে লিছা, মনিয়া ও স্নিগ্ধা দলীয়ভাবে ৩য় স্থান অধিকার করে ।

**ছাত্রী কল্যাণ:** আলচ্য শিক্ষাবর্ষে ৮৫,০০০.০০ টাকা ব্যায়ে বিভিন্ন বৈদ্যুতিক ও মনোহারী জিনিসপত্র ক্রয় করা হয়। এছাড়াও মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের কল্যাণে ও অসুস্থ শিক্ষার্থীদের তাৎক্ষণিক চিকিৎসায় সহায়তা করা হয়েছে।

**পাঠাগার ও সামাজিক কার্যক্রম:** আলোচ্য শিক্ষাবর্ষে হল তহবিল থেকে পাঠাগারের জন্য বই কেনা হয়েছে। হল প্রশাসনের উদ্যোগে গুরুত্বপূর্ণ জাতীয় দিবস ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

**সাধারণ কক্ষ:** এখানে বিনোদনের জন্য ২টি রঙিন টেলিভিশন ও অন্তঃকক্ষ খেলার ব্যবস্থা আছে। এখানে দৈনিক সংবাদপত্রসহ অন্য কয়েকটি পত্রপত্রিকা রাখা হয়। একজন কমনরুম বেয়ারার দায়িত্বে খেলার সমগ্রী হিসেবে বরিক পাউডার, টেবিল টেনিসবল, ব্যাডমিন্টন কর্ক, ব্যাডমিন্টন খেলার নেট ইত্যাদি (হল ইউনিয়ন তহবিল থেকে) সরবারহ করা হয়ে থাকে।

**ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিং টেন্ডারের মাধ্যমে চুক্তিভিত্তিক পরিচালিত হচ্ছে। সেখানে দুপুর ও রাতের খাবার এবং সকাল-বিকেলের নাস্তার ব্যবস্থা আছে। ক্যান্টিনে স্টেশনারি সামগ্রীও পাওয়া যায়।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ৮ জন (১ জন অ্যাডহক) |
| সহায়ক কর্মচারী | : | ১ জন দৈনিক মজুরিভিত্তিক |
| সাধারণ কর্মচারী | : | ২০ জন (৮ জন অ্যাডহক ও ৮ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা হল

**প্রাধ্যক্ষ**
ড. ফারজানা কাইয়ুম কেয়া
প্রফেসর, অর্থনীতি বিভাগ

**আবাসিক শিক্ষক :** ৪ জন

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ১,০৩২ জন |
| অনাবাসিক | : | ১৮০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** আলোচ্য শিক্ষাবর্ষে তিন দিনব্যাপি বার্ষিক অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা হলের মিউজিক রুমে অনুষ্ঠিত হয়। এছাড়া আন্তঃকলেজ এ্যাথলেটিক্স প্রতিযোগিতায় এই হল অংশগ্রহণ করে।

**ছাত্রী কল্যাণ:** অফিস পরিচালনার সুবিধার্থে বিভিন্ন স্টেশনারী সামগ্রী এবং ছাত্রীদের কল্যাণার্থে বাল্বসহ বিভিন্ন বৈদ্যুতিক ও পরিচ্ছন্নতার সামগ্রী সরবরাহ করা হয়েছে। মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের কল্যাণে ও অসুস্থ শিক্ষার্থীদের তাৎক্ষণিক চিকিৎসায় প্রয়োজনীয় সহায়তা করা হয়ে থাকে।

**সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম:** আলোচ্য শিক্ষাবর্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার ৯৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপনসহ জাতীয় গুরুত্বপূর্ণ ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবসসমূহ যথারীতি পালন করা হয়। বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় এই হলের ছাত্রীরা অংশগ্রহণ করে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ যথারীতি অনুষ্ঠিত হয়।

**ধর্মীয় কার্যক্রম:** বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় পূজা উদ্‌যাপন কমিটিকে জন্মাষ্টমী ও শ্রীশ্রী সরস্বতী পূজা উপলক্ষে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**সাধারণ কক্ষ:** এখানে নিয়মিত ৬টি দৈনিক সংবাদপত্র সরবরাহ করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৭ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন (২ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ১২ জন (৫ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শহীদ মীর আব্দুল কাইয়ূম ইন্টারন্যাশনাল ডরমিটরি

**ওয়ার্ডেন**
ড. মো. আতাউর রহমান
প্রফেসর, নাট্যকলা বিভাগ

**সহকারী ওয়ার্ডেন:** ২ জন

**আবাসিক সংখ্যা:** ৬২

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
এখানে বর্তমানে নেপাল, সোমালিয়া, জর্ডান প্রভৃতি দেশের শিক্ষার্থীরা অবস্থান করছে। আন্তজার্তিক সেমিনারগুলোতে অংশগ্রহণ করার জন্য দেশি-বিদেশি গবেষকগণও এই ডরমিটরিতে সাময়িকভাবে অতিথি কক্ষে অবস্থান করেন।

ডরমিটরি ভবনটিতে মোট কক্ষ সংখ্যা ১২৮টি। এখানে বর্তমানে ২টি শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষসহ ২৪টি অতিথি কক্ষ রয়েছে। কমনরুমে দৈনিক ইংরেজি ও বাংলা সংবাদপত্র সরবরাহ, ইনডোর গেমস এর ব্যবস্থা রয়েছে। এবছর কমনরুমের জন্য ডরমিটরির নিজস্ব তহবিল থেকে ১টি ৩২ ইঞ্চি এলইডি টেলিভিশন কেনা হয়েছে।

গবেষক/বিদেশি শিক্ষার্থীদের সুবিধার্থে দেশি-বিদেশি বই, জার্নাল রাখার জন্য লাইব্রেরির ব্যবস্থা করা হয়েছে। এখানে সার্বক্ষণিক নিরাপত্তার জন্য ডরমিটরির অভ্যন্তরীণ খাত থেকে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

ডরমিটরির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় ও সরকার ঘোষিত সকল দিবস যথারীতি পালন করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ২ জন |
| সাধারণ কর্মচারী | : ৩ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ডেমনেস্ট্রেশন ইউনিট-১

**অধ্যক্ষ**

মো. শফিউল আলম

**পরিচালনা পরিষদ**

| | | |
|---|---|---|
| ১. | প্রফেসর দুলাল চন্দ্র বিশ্বাস, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইসস্টিটিউট | সভাপতি |
| ২. | প্রফেসর শহীদ ইকবাল, বাংলা বিভাগ | সদস্য |
| ৩. | প্রফেসর রুবাইয়াৎ জাহান, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ৪. | শূন্য | সদস্য |
| ৫. | মো. আব্দুল মালেক, সহকারী অধ্যাপক, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ | সদস্য |
| ৬. | নীলিমা আফরোজ | সদস্য |
| ৭. | মো. হাসান আলী, সহকারী অধ্যাপক, রাবি স্কুল | সদস্য |
| ৮. | উম্মুল খায়ের সালমা সিদ্দীকা, প্রভাষক, রাবি স্কুল | সদস্য |
| ৯. | মো. শফিউল আলম, অধ্যক্ষ, রাবি স্কুল | সদস্য-সচিব |

**শিক্ষক সংখ্যা**

সহকারী অধ্যাপক : ৪৩ জন

প্রভাষক: ০৫ জন

খণ্ডকালীন প্রভাষক : ০২ জন

**শিক্ষার্থী সংখ্যা (২০২১)**

| | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|
| স্কুল | ৭৯২ | ৮৬৪ | ১,৬৫৬ |
| কলেজ | ২৮১ | ২২৪ | ৫০৫ |

**এসএসসি পরীক্ষার ফল ২০২৩**

| গ্রুপ | মোট পরীক্ষার্থী | | $A^+$ | A | $A^-$ | B | C | D | F | মোট পাস | পাসের হার % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫.০০ | ৪<৫ | ৩.৫<৪ | ৩<৩.৫ | ২<৩ | ১<২ | ০<১ | | |
| | মোট | অনু | ৮০-১০০ | ৭০-৭৯ | ৬০-৬৯ | ৫০-৫৯ | ৪০-৪৯ | ৩৩-৩৯ | ০০-৩২ | | |
| বিজ্ঞান | ১১২ | ০ | ৭১ | ৩২ | ০৪ | ০ | ০ | ০ | ০৫ | ১০৭ | ৯৫.৫৩ |
| মানবিক | ৪৩ | ০ | ০৫ | ১৭ | ১৪ | ০৬ | ০ | ০ | ০১ | ৪২ | ৯৭.৬৭ |
| ব্যব.শি. | ২৭ | ১ | ০২ | ১৮ | ০৫ | ০ | ০ | ০ | ১ | ২৫ | ৯৬.১৫ |
| **মোট** | **১৮২** | **১৮১** | **৭৮** | **৬৭** | **২৩** | **৬** | **০** | **০** | **৭** | **১৭৪** | **৯৬.১৩** |

**এসএসসি পরীক্ষার ফল ২০২৪**

| গ্রুপ | মোট পরীক্ষার্থী | | $A^+$ | A | $A^-$ | B | C | D | F | মোট পাস | পাসের হার % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫.০০ | ৪<৫ | ৩.৫<৪ | ৩<৩.৫ | ২<৩ | ১<২ | ০<১ | | |
| | মোট | অনু | ৮০-১০০ | ৭০-৭৯ | ৬০-৬৯ | ৫০-৫৯ | ৪০-৪৯ | ৩৩-৩৯ | ০০-৩২ | | |
| বিজ্ঞান | ১২৭ | ২ | ৯০ | ২৬ | ৬ | ২ | | | ১ | ১২৪ | ৯৯.২০ |
| মানবিক | ৩৭ | ১ | ২ | ১১ | ১৬ | ৪ | ২ | | ১ | ৩৫ | ৯৭.২২ |
| ব্যব.শি. | ২০ | ১ | ২ | ৭ | ৪ | ১ | ৪ | | ১ | ১৮ | ৯৪.৭৩ |
| **মোট** | **১৮৪** | **৪** | **৯৪** | **৪৪** | **২৬** | **৭** | **৬** | | **৩** | **১৭৭** | **৯৮.৩৩** |

এইচএসসি পরীক্ষার ফল ২০২৩

| গ্রুপ | মোট পরীক্ষার্থী | | $A^+$ | A | $A^-$ | B | C | D | F | মোট পাস | পাসের হার % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫.০০ | ৪<৫ | ৩.৫<৪ | ৩<৩.৫ | ২<৩ | ১<২ | ০<১ | | |
| | মোট | অনু | ৮০-১০০ | ৭০-৭৯ | ৬০-৬৯ | ৫০-৫৯ | ৪০-৪৯ | ৩৩-৩৯ | ০০-৩২ | | |
| বিজ্ঞান | ৭৬ | ০৩ | ৫০ | ২৩ | | | | | ০ | ৭৩ | ১০০ |
| মানবিক | ৮০ | ০ | ১০ | ৩৬ | ১৯ | ০৮ | ০৫ | ০ | ০২ | ৭৮ | ৭৯.৫০ |
| ব্যব.শি. | ৩১ | ১ | ০৪ | ১৫ | ০৬ | ০৩ | ০১ | ০ | ০১ | ২৯ | ৯৩.৫৫ |
| **মোট** | **১৮৭** | **৪** | **৬৪** | **৭৪** | **২৫** | **১১** | **৬** | **০** | **৩** | **১৮০** | **৯৮.৩৬** |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

২০২৩-২০২৪ বর্ষে স্কুলের শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রমের সামষ্টিক মূল্যায়ন সন্তোষজনক। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে এবং ২০২৪ সালে ৮ম ও ৯ম নতুন কারিকুলাম সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে এবং সকল শিক্ষক নতুন কারিকুলামে প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে পাঠদান করে যাচ্ছেন। স্কুলের পাবলিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক।

২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় ১৮৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ১৮০ জন কৃতকার্য হয়। তার মধ্যে ৬৪ জন জিপিএ ৫.০০ এবং ৫জন শিক্ষার্থী সাধারণ গ্রেডে বোর্ড বৃত্তি লাভ করেছে।

২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ১৮২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ১৭৪ জন কৃতকার্য হয়। এর মধ্যে ৯৪ জন জিপিএ ৫.০০ এবং এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এই স্কুলের ৫ জন মেধা ও ১৯ জন সাধারণ গ্রেডে বোর্ড বৃত্তি লাভ করে।

২০২৪ সালের এসএসসি পরীক্ষায় ১৮৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ১৭৭ জন কৃতকার্য হয়। তার মধ্যে ৭৮ জন জিপিএ ৫.০০ এব ২ জন ট্যালেন্টপুল এবং ১৭ জন সাধারণ গ্রেডে বোর্ড বৃত্তি লাভ করে।

অত্র স্কুলে দীর্ঘ কর্মজীবন শেষ করে ২০২৪ সালে একজন কর্মকর্তা ও ১ জন কর্মচারী অবসর এবং ১ জন শিক্ষক ও ১ জন কর্মকর্তা পিআরএল গমন করেন।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ২ জন |
| সহায়ক কর্মচারী | : | ৩ জন |
| সাধারণ কর্মচারী | : | ৭ জন (৩ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শেখ রাসেল মডেল স্কুল

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ডেমনেস্ট্রেশন ইউনিট-২

### অধ্যাক্ষ (চলতি দায়িত্বে)

ড. সৈয়দা দিলরুবা (ভারপ্রাপ্ত)

### শিক্ষক সংখ্যা

| | |
|---|---|
| সিনিয়র শিক্ষক | : ১ জন |
| সিনিয়র সহকারী শিক্ষক | : ৪ জন |
| সহকারী শিক্ষক | : ১০ জন |

### শিক্ষার্থী সংখ্যা

| | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|
| স্কুল | ২৮১ | ২৯৪ | ৫৭৫ |

### পাবলিক/প্রান্তিক পরীক্ষার ফল

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থী | A ($A^+$ + A+A-) | B | C | D | F | মোট পাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| পিএসসি | ২০২২ | ৪০ | - | - | - | - | - | সকলে উত্তীর্ণ |
| জেএসসি | ২০২২ | ৩৫ | - | - | - | - | - | সকলে উত্তীর্ণ |

### সংক্ষিপ্ত প্রতিবেদন

এই স্কুলে প্লে থেকে নবম শ্রেণি পর্যন্ত মোট ১১টি শ্রেণির ১৫টি শাখায় পাঠদান করা হয়। এই বছরে প্রথম ৯ম শ্রেণিতে পাঠদান করা হচ্ছে। স্কুলটি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অন্তর্ভুক্ত ও সিন্ডিকেটের অনুমোদনক্রমে স্কুল অধ্যাদেশ-২০১৩ অনুযায়ী পরিচালিত হয়।

### কর্মরত জনবল

| | |
|---|---|
| অফিসার | : ২ জন |
| সাধারণ কর্মচারী | : ৭ জন (৩ জন দৈনিক মজুরিভিত্তিক) |